# এবারের দুর্গাপূজা হবে আরও উৎসবমুখর: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী আশা প্রকাশ করেছেন, এবারের দুর্গাপূজা গতবারের চেয়ে আরও উৎসবমুখর হবে। রাজধানীর রমনা কালী মন্দির পরিদর্শনের সময় তিনি বলেন, পূজার নির্বিঘ্ন ও সুষ্ঠু আয়োজনের জন্য সরকারের সব প্রস্তুতি সম্পন্ন। সতর্কতা স্বরূপ পূজামণ্ডপ ২৪ ঘণ্টা নজরদারিতে থাকবে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) বিকেলে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী রাজধানীর রমনা কালী মন্দির পরিদর্শন করেন এবং আসন্ন দুর্গাপূজা উদযাপনকে আরও উৎসবমুখর করার আশ্বাস দেন। তিনি বলেন, অন্তর্বর্তী সরকার পূজার নির্বিঘ্ন ও সুষ্ঠু আয়োজন নিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা নিয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি ইতিবাচক এবং পূজামণ্ডপগুলো ২৪ ঘণ্টা নজরদারিতে থাকবে।

তিনি আরও উল্লেখ করেন, গত ৫ আগস্টের পর একটি গোষ্ঠী নানাভাবে সনাতন ধর্মাবলম্বীদের উত্তেজিত করার চেষ্টা করেছে। তারা অপপ্রচার চালিয়েছে, যার কারণে ৫ লাখেরও বেশি হিন্দুধর্মালম্বী মানুষ দেশে নিরাপত্তাহীনতার কারণে চলে গেছেন এবং কান্তজীর মন্দির ভেঙে ফেলা হয়েছে।

এদিকে, গুজব প্রতিরোধে সতর্ক থাকার জন্য সাংবাদিকদের বিশেষভাবে আহ্বান জানিয়েছেন হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ট্রাস্টের মহাসচিব এস. এন. তরুণ দে। তিনি বলেন, ভুয়া খবর ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার ঠেকানো অত্যন্ত জরুরি